দৈনিক বাংলা

তারিখ 21/3/78
পৃষ্ঠা 2 কলাম 5

013

# ঢাকার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে মেট্রোপলিটন অথরিটি

প্রেসিডেন্টের উপদেষ্টা পরিষদের সদস্য জনাব এ, জেড, এম এনায়েতুল্লাহ খান বলেন, সরকার অদূর ভবিষ্যতে ঢাকা নগরীর বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য মেট্রোপলিটন অথরিটি গঠন করিবেন। গত রবিবার সকালে মহানগরীর রাজাবাজারস্থ বাজনীন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়ানুষ্ঠানে তিনি প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। তিনি বলেন, সরকার দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আর্থিক অসুবিধা সম্পর্কে সচেতন। এসব শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হইতেছে বলিয়া তিনি উল্লেখ করেন। সরকারী তথ্য-বিবরণীতে একথা বলা হয়।